গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫০.১৮-১১৩

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬ ব. / ২৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৯৮৯/২০১৮ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

সূত্র: (১) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৭.২৪১.৯৯৯, তারিখ: ০৯/১০/২০১৮
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫০.১৮-৪৪৬, তারিখ: ১৫/১১/২০১৮ খ্রি.
(৩) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১৯.২৬৮.১৫৩৭, তারিখ: ০৭/০৮/২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, DTE কর্তৃক গত ০৯.১০.১৮ তারিখে সূত্রোক্ত (১) নং সংখ্যক পত্রমূলে প্রেরিত বর্ণিত রিট পিটিশন নং-৯৮৯/২০১৮ মামলার জবাব (Affidavit in Opposition) আর্জির সাথে যথাযথ, সামঞ্জস্যপূর্ণ ও প্রাসঙ্গিক না হওয়ায় যথাযথ আইন/বিধির উদ্বৃতিসহ প্রাসংগিক ও যথাযথভাবে জবাব তৈরীপূর্বক পুনরায় প্রেরণের জন্য TMED কর্তৃক গত ১৫.১১.১৮ তারিখে সূত্রোক্ত (২) নং পত্রমূলে DTE কে অনুরোধ করা হয়।

০২। তৎপ্রেক্ষিতে DTE কর্তৃক গত ০৭.০৮.১৯ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে প্রেরিত পত্রের বিবরণ নিম্নরুপ-

ক. বগুড়া জেলার আলমদীঘী উপজেলাধীন আধুনিক কারিগরি ও মুদ্রাক্ষর ও বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ কেন্দ্রের প্রভাষক (হিসাবরক্ষণ) জনাব মো: আব্দুল হক কর্তৃক বেতন ভাতা (এমপিও) দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯৮৯/২০১৮ দায়ের করা হয়।

খ. উল্লেখ্য, DTE কর্তৃক ১৪.০৯.১৩ তারিখের ৩৭.০৩.০০০০.০৯২.৩১.০৭৪.১০৭৭(৭) সংখ্যক পত্রমূলে উক্ত প্রতিষ্ঠানে প্রভাষক (ব্যবস্থাপনা) পদে ০১ জন ও এল.এল.এস.এস পদে ০১ জন নিয়োগের জন্য নিয়োগ বাছাই কমিটিতে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়। উক্ত পত্রটি জালিয়াতি করে একই স্মারক রেখে প্রভাষক (ব্যবস্থাপনা) ও এম.এল.এস.এস -এর সাথে প্রভাষক (হিসাবরক্ষণ) পদটি সংযোজন করে DTE এর প্রতিনিধি গ্রহণের পত্র প্রতিষ্ঠান কর্তৃক তৈরী করা হয়।

০৩। DG, DTE কর্তৃক প্রণীত রিট পিটিশন নং- ৯৮৯/২০১৮ মামলায় সরকার পক্ষে প্রণীত (Affidavit in opposition) পর্যালোচনাক্রমে দেখা যাচ্ছে যে, পিটিশন এর আর্জির বক্তব্যকে খন্ডন করে যথাযথভাবে (Affidavit in opposition) তৈরী করা হয়নি। যেমন-

ক. সরকার পক্ষে বক্তব্য শুধুমাত্র mattr of records বলা হয়েছে এ সংক্রান্তে রিট পিটিশন এর বক্তব্যকে দৃঢ়ভাবে খণ্ডণ করা হয়নি।

খ. DTE এর যে স্মারকটি জাল করা হয়েছে তা যেমন জবাবে স্পষ্ট করা হয়নি। তেমনিভাবে সঠিক স্মারক এবং জাল স্মারক উভয় স্মারকের পর্যালোচনা করা প্রয়োজন ছিল। যা জবাবে উল্লেখ করা হয়নি।

০৪। যেহেতু জবাব সঠিকভাবে লেখা হয়নি সেহেতু ডিজি, ডিটিই কর্তৃক জবাব সঠিকভাবে তৈরী করা প্রয়োজন।

০৫। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৯৮৯/২০১৮ মামলার আর্জির আলোকে জবাব যথাযথভাবে তৈরী করে পুনরায় আদালতে (১০/০৩/২০২০ তারিখের মধ্যে) দাখিল নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬/০২/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।